# ST. LAWRENCE HIGH SCHOOL

FOR GOD AND COUNTRY

A JESUIT CHRISTIAN MINORITY INSTITUTION

## First Term Test – 2018

**Sub:** Bengali Grammar & Comp | **Class:** V | **F. M.** – 90+10 = 100

**Duration:** 2 Hrs 30mins | **Date:** 26.04.18

- বানান ভুল, বাক্যের গঠনে ভুল, অপরিষ্কার ও অপরিচ্ছন্ন হাতের লেখার জন্য নম্বর কাটা যেতে পারে।
- উত্তরপত্রে প্রশ্ন লেখবার প্রয়োজন নেই

### বিভাগ-ক (২৫)

১) সঠিক উত্তরটি নির্বাচন করে লেখঃ (৫ × ১ = ৫)

| | |
|---|---|
| ১.১) | ধ্বনির লিখিত সঙ্কেত চিহ্নের নাম [ (ক) পদ (খ) বর্ণ (গ) শব্দ (ঘ) বাক্য ] । |
| ১.২) | য্ , র্ , ল্ , ব্ এই বর্ণগুলি হল [ (ক) উস্মবর্ণ (খ) স্পর্শবর্ণ (গ) অন্তঃস্থবর্ণ (ঘ) অনুনাসিক বর্ণ] । |
| ১.৩) | যে স্বরধ্বনিকে ভাঙা যায় না তাদের [ (ক) মৌলিকস্বর (খ) যৌগিকস্বর (গ) প্লুতস্বর (ঘ) দীর্ঘস্বর ] বলে। |
| ১.৪) | ব্যঞ্জনবর্ণ হল [ (ক) ৩৫ টি (খ) ৩৬ টি (গ) ৩৯ টি (ঘ) ৩৮ টি ] । |
| ১.৫) | চ , ছ , জ এই বর্ণগুলিকে [ (ক) স্পর্শবর্ণ (খ) উস্মবর্ণ (গ) অন্তঃস্থবর্ণ (ঘ) নাসিক্যবর্ণ ] বলে। |

২) শূন্যস্থান পূরণ করঃ (৪ × ১ = ৪)

| | |
|---|---|
| ২.১ | ধ্বনি হল আমাদের মুখের কথার সবচেয়ে ................................. অংশ । |
| ২.২ | কথা বলার জন্য মুখের যে অঙ্গ গুলির সাহায্য নেওয়া হয় তাদের বলা হয় ................................. । |
| ২.৩ | লেখা হল মুখের কথার ................................. রূপ। |
| ২.৪ | উচ্চারণের সময়ভেদে স্বরবর্ণকে ................................. ভাগে ভাগ করা যায়। |

৩) একটি শব্দে উত্তর দাওঃ (৪ × ১ = ৪)

| | |
|---|---|
| ৩.১ | বাংলা বর্ণমালায় মোট কটি বর্ণ আছে? |
| ৩.২ | যৌগিকস্বর কয়টি? |
| ৩.৩ | বাঙালীদের মধ্যে কে প্রথম বাংলা ব্যাকরণ বই লেখেন? |
| ৩.৪ | তোমার মাতৃভাষা কি? |

৪) বাঁদিকের শব্দের সাথে ডানদিকের বিপরীত শব্দ মিলিয়ে পাশাপাশি লেখ (৪ × ১ = ৪)

| | বাঁদিক | | ডানদিক |
|---|---|---|---|
| ক) | স্বর্গ | ক) | শান্ত |
| খ) | আদি | খ) | দরিদ্র |
| গ) | দুরন্ত | গ) | নরক |
| ঘ) | ধনী | ঘ) | অন্ত |

৫) নিচের বিশেষ্যপদগুলিকে বিশেষণ পদে পরিবর্তিত কর (যে কোন চারটি) (৪ × ১ = ৪)

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ক) জয় | খ) আঘাত | গ) মাঠ | ঘ) ভারত | ঙ) পরিচয় | চ) আশ্রয় |

৬) সত্য/মিথ্যা বিচার করঃ (৪ × ১ = ৪)

| | |
|---|---|
| ৬.১ | ব্যঞ্জনধ্বনির লিখিত চিহ্ন বা প্রতীককে বলা হয় ব্যঞ্জনবর্ণ। |
| ৬.২ | যে স্বরধ্বনি উচ্চারণ করতে কম সময় লাগে তাকে দীর্ঘস্বর বলে। |
| ৬.৩ | দুই বা তার বেশি ব্যঞ্জনধ্বনির সংযুক্ত রূপকে বলা হয় যুক্তাক্ষর। |
| ৬.৪ | ধ্বনি হল আমাদের মুখের কথার সবচেয়ে বড় অংশ। |

## বিভাগ-খ (২৫)

১) প্রশ্নের যথাযথ উত্তর দাও (যে কোন পাঁচটি) (৫ × ৩ = ১৫)

| | |
|---|---|
| ১.১) | ব্যাকরণ কাকে বলে? ব্যাকরণ আমরা পড়ি কেন? |
| ১.২) | আদিমকালে মানুষ কিভাবে ভাব বিনিময় করত? এই জন্য মানুষ প্রথমে কী তৈরি করেছিল? |
| ১.৩) | শিষ্ট চলিত ভাষা কাকে বলে? এখন কি ধরণের ভাষায় বাংলা গদ্য সাহিত্য রচনা করা হয়? |
| ১.৪) | ধ্বনি ও বর্ণের মধ্যে তিনটি পার্থক্য উল্লেখ কর। |
| ১.৫) | বর্ণ কাকে বলে? বাংলাভাষায় বর্ণ কয়প্রকার ও কি কি? |
| ১.৬) | উষ্মবর্ণ কাদের বলে? উষ্মবর্ণ কয়টি? |
| ১.৭) | অক্ষর কাকে বলে উদাহরণ সহ লেখ । |

২) নিচের শব্দগুলির বর্ণ বিশ্লেষন করো ও কয়টি বর্ণ আছে লেখঃ (৫ × ২ = ১০)

| | | | | |
|---|---|---|---|---|
| ২.১) কলিকাতা | ২.২) লুকোচুরি | ২.৩) গাছ | ২.৪) পতাকা | ২.৫) পাতাল |

## বিভাগ-গ (৪০)

১) যে কোনো একটি চিঠি লেখঃ (১৪)

(ক) তোমার জন্মদিন তুমি বিশেষভাবে পালন করতে চাও, সেই উপলক্ষে তোমাদের বাড়িতে আসার অনুরোধ করে তোমার বন্ধুকে একটি চিঠি লেখ।

(খ) তোমার প্রিয় খেলোয়াড় সম্পর্কে তোমার ছোট ভাইকে একটি চিঠি লেখ।

২) প্রত্যেক প্রশ্নের যথাযথ উত্তর দাও (৫ × ২ = ১০)

| | |
|---|---|
| ২.১ | ভাষা কাকে বলে? |
| ২.২ | মাতৃভাষা কাকে বলে? |
| ২.৩ | মাতৃভাষা কয়প্রকার ও কি কি? |
| ২.৪ | কথ্য ভাষা কাকে বলে? |
| ২.৫ | লেখ্য ভাষা কাকে বলে? |

৩) যে কোনো একটি অনুচ্ছেদ লেখঃ (১০০ শব্দে) (১৬)

(ক) আমার বিদ্যালয় (খ) বিদ্যালয়ে তোমার প্রথম দিনের অভিজ্ঞতা (গ) ছুটির ঘন্টা।

Alpana Majumder 26.04.18

# ST. LAWRENCE HIGH SCHOOL

A JESUIT CHRISTIAN MINORITY INSTITUTION

FOR GOD AND COUNTRY

## First Term Test – 2018

**Sub:** Bengali Grammar & Comp (**Model Answers**) **Class: V** **F. M. – 90+10 = 100**

**Duration: 2 Hrs 30 mins** **Date: 26.04.18**

- বানান ভুল, বাক্যের গঠনে ভুল, অপরিষ্কার ও অপরিচ্ছন্ন হাতের লেখার জন্য নম্বর কাটা যেতে পারে।
- উত্তরপত্রে প্রশ্ন লেখবার প্রয়োজন নেই

### বিভাগ-ক (২৫)

**১) সঠিক উত্তরটি নির্বাচন করে লেখঃ** (৫ × ১ = ৫)

| | |
|---|---|
| ১.১) | ধ্বনির লিখিত সঙ্কেত চিহ্নের নাম [ (খ) বর্ণ ] । |
| ১.২) | য্ , র্ , ল্ , ব্ এই বর্ণগুলি হল [ (গ) অন্তঃস্থবর্ণ ] । |
| ১.৩) | যে স্বরধ্বনিকে ভাঙা যায় না তাদের [ (ক) মৌলিকস্বর ] বলে। |
| ১.৪) | ব্যঞ্জনবর্ণ হল [ (ক) ৩৫ টি ] । |
| ১.৫) | চ , ছ , জ এই বর্ণগুলিকে [ (ক) স্পর্শবর্ণ ] বলে। |

**২) শূন্যস্থান পূরণ করঃ** (৪ × ১ = ৪)

| | |
|---|---|
| ২.১ | ধ্বনি হল আমাদের মুখের কথার সবচেয়ে ................**ছোট**.................. অংশ । |
| ২.২ | কথা বলার জন্য মুখের যে অঙ্গ গুলির সাহায্য নেওয়া হয় তাদের বলা হয় ..............**বাগ্‌যন্ত্র**.................... । |
| ২.৩ | লেখা হল মুখের কথার ................**স্থায়ী**.................. রূপ। |
| ২.৪ | উচ্চারণের সময়ভেদে স্বরবর্ণকে ................**দুটি**.................. ভাগে ভাগ করা যায়। |

**৩) একটি শব্দে উত্তর দাওঃ** (৪ × ১ = ৪)

| | | **উত্তর** |
|---|---|---|
| ৩.১ | বাংলা বর্ণমালায় মোট কটি বর্ণ আছে? | ৪৬টি |
| ৩.২ | যৌগিকস্বর কয়টি? | দুটি |
| ৩.৩ | বাঙালীদের মধ্যে কে প্রথম বাংলা ব্যাকরণ বই লেখেন? | রাজা রামমোহন রায় |
| ৩.৪ | তোমার মাতৃভাষা কি? | বাংলা |

**৪) বাঁদিকের শব্দের সাথে ডানদিকের বিপরীত শব্দ মিলিয়ে পাশাপাশি লেখ** (৪ × ১ = ৪)

| | **বাঁদিক** | | **ডানদিক** |
|---|---|---|---|
| ক) | স্বর্গ | ক) | নরক |
| খ) | আদি | খ) | অন্ত |
| গ) | দুরন্ত | গ) | শান্ত |
| ঘ) | ধনী | ঘ) | দরিদ্র |

৫) নিচের বিশেষ্যপদগুলিকে বিশেষণ পদে পরিবর্তিত কর (যে কোন চারটি) (৪ × ১ = ৪)

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ক) জয়-জয়ী | খ) আঘাত-আহত | গ) মাঠ-মেঠো | ঘ) ভারত-ভারতীয় | ঙ) পরিচয়-পরিচিত | চ) আশ্রয়-আশ্রিত |

৬) সত্য/মিথ্যা বিচার করঃ (৪ × ১ = ৪)

| | | উত্তর |
|---|---|---|
| ৬.১ | ব্যঞ্জনধ্বনির লিখিত চিহ্ন বা প্রতীককে বলা হয় ব্যঞ্জনবর্ণ। | সত্য |
| ৬.২ | যে স্বরধ্বনি উচ্চারণ করতে কম সময় লাগে তাকে দীর্ঘস্বর বলে। | মিথ্যা |
| ৬.৩ | দুই বা তার বেশি ব্যঞ্জনধ্বনির সংযুক্ত রূপকে বলা হয় যুক্তাক্ষর। | সত্য |
| ৬.৪ | ধ্বনি হল আমাদের মুখের কথার সবচেয়ে বড় অংশ। | মিথ্যা |

## বিভাগ-খ (২৫)

১) প্রশ্নের যথাযথ উত্তর দাও (যে কোন পাঁচটি) (৫ × ৩ = ১৫)

| | | উত্তর |
|---|---|---|
| ১.১) | ব্যাকরণ কাকে বলে? ব্যাকরণ আমরা পড়ি কেন? | যে গ্রন্থে ভাষাকে শুদ্ধভাবে ও সুন্দরভাবে প্রয়োগ করার নিয়মাবলী লেখা থাকে তাকে ব্যাকরণ বলে। ব্যাকরণ পড়লে ভাষাকে শুদ্ধভাবে ও সুন্দরভাবে প্রয়োগ করা যায়। |
| ১.২) | আদিমকালে মানুষ কিভাবে ভাব বিনিময় করত? এই জন্য মানুষ প্রথমে কী তৈরি করেছিল? | আদিমকালে মানুষ কতগুলি আওয়াজ ও ইশারা করে পরস্পর ভাব বিনিময় করত; এই জন্য মানুষ প্রথমে গলার আওয়াজকে জুড়ে জুড়ে ছোট ছোট শব্দ তৈরি করেছিল। |
| ১.৩) | শিষ্ট চলিত ভাষা কাকে বলে? এখন কি ধরণের ভাষায় বাংলা গদ্য সাহিত্য রচনা করা হয়? | বাংলা গদ্য সাহিত্য রচনার জন্য ভাগীরথী-হুগলী নদীর তীরবর্তী নবদ্বীপ-শান্তিপুর এবং কলকাতায় প্রচলিত কথ্য ভাষাকে নেওয়া হয়েছিল। এরই নাম শিষ্ট চলিত ভাষা।<br>এখন শিষ্ট চলিত ভাষায় বাংলা গদ্য সাহিত্য রচনা করা হয়। |
| ১.৪) | ধ্বনি ও বর্ণের মধ্যে তিনটি পার্থক্য উল্লেখ কর। | ১) ধ্বনি হল উচ্চারণের বিষয় – বর্ণ হল লেখার বিষয়।<br>২) ধ্বনিকে চেনায় কান - বর্ণকে চেনায় চোখ।<br>৩) ধ্বনির জন্ম আগে – বর্ণের জন্ম পরে। |
| ১.৫) | বর্ণ কাকে বলে? বাংলাভাষায় বর্ণ কয়প্রকার ও কি কি? | ধ্বনির লিখিত সঙ্কেত চিহ্নগুলিকে বলা হয় বর্ণ। বর্ণ দুইপ্রকার। স্বরবর্ণ ও ব্যঞ্জনবর্ণ। |
| ১.৬) | উষ্মবর্ণ কাদের বলে? উষ্মবর্ণ কয়টি? | উচ্চারণের সময় বাগযন্ত্রের ভিতর দিয়ে গরম বায়ু নির্গত হয় বলে শ, ষ, স, হ – এই চারটি বর্ণকে উষ্মবর্ণ বলে। |
| ১.৭) | অক্ষর কাকে বলে উদাহরণ সহ লেখ । | একটি শব্দের যতটুকু অংশ বাগযন্ত্রের সবচেয়ে কম চেষ্টায় উচ্চারিত হয় তাকে অক্ষর বলে |

২) নিচের শব্দগুলির বর্ণ বিশ্লেষন করো ও কয়টি বর্ণ আছে লেখঃ (৫ × ২ = ১০)

| | উত্তর |
|---|---|
| ২.১) কলিকাতা | ক্ + অ + ল্ + ই + ক্ + আ + ত্ + আ = ৮ টি বর্ণ |
| ২.২) লুকোচুরি | ল্ + উ + ক্ + ও + চ্ + উ + র্ + ই = ৮ টি বর্ণ |
| ২.৩) গাছ | গ্ + আ + ছ্ + অ = ৪ টি বর্ণ |
| ২.৪) পতাকা | প্ + অ + ত্ + আ + ক্ + আ = ৬ টি বর্ণ |
| ২.৫) পাতাল | প্ + আ + ত্ + আ + ল্ + অ = ৬ টি বর্ণ |

## বিভাগ-গ (৪০)

**১) যে কোনো একটি চিঠি লেখঃ** (১৪)

| | উত্তর |
|---|---|
| (ক) তোমার জন্মদিন তুমি বিশেষভাবে পালন করতে চাও, সেই উপলক্ষে তোমাদের বাড়িতে আসার অনুরোধ করে তোমার বন্ধুকে একটি চিঠি লেখ। | চিঠি লেখার ছয়টি নিয়ম অনুসরণ করতে হবে। জন্মদিন একটি বিশেষ উৎসবের দিন। বন্ধু ও পরিজনদের নিয়ে সুন্দরভাবে পালন করা হয়। |
| (খ) তোমার প্রিয় খেলোয়াড় সম্পর্কে তোমার ছোট ভাইকে একটি চিঠি লেখ। | চিঠি লেখার ছয়টি নিয়ম অনুসরণ করতে হবে। ছোট ভাইকে তোমার প্রিয় খেলোয়াড় কে এবং কেন সে তোমার প্রিয় খেলোয়াড় সেই সম্পর্কে লিখবে। |

**২) প্রত্যেক প্রশ্নের যথাযথ উত্তর দাও** (৫ × ২ = ১০)

| | | উত্তর |
|---|---|---|
| ২.১ | ভাষা কাকে বলে? | ভাষা হল মনের ভাব প্রকাশ করার জন্য মুখের দ্বারা উচ্চারিত কোন বিশেষ জনসমাজে ব্যাবহৃত শব্দসমষ্টি। |
| ২.২ | মাতৃভাষা কাকে বলে? | মায়ের কাছ থেকে শেখা ভাষাকে মাতৃভাষা বলে। |
| ২.৩ | মাতৃভাষা কয়প্রকার ও কি কি? | মাতৃভাষা দুই প্রকার – ক) কথ্য বা মুখের ভাষা খ) লেখ্য বা লেখার ভাষা। |
| ২.৪ | কথ্য ভাষা কাকে বলে? | ভাষার যে রূপটি কথাবার্তায় ব্যবহৃত হয় তার নাম কথ্য ভাষা। |
| ২.৫ | লেখ্য ভাষা কাকে বলে? | ভাষার যে রূপটি লেখার কাজে ব্যবহৃত হয় তার নাম লেখ্য ভাষা। |

**৩) যে কোনো একটি অনুচ্ছেদ লেখঃ (১০০ শব্দে)** (১৬)

(ক) আমার বিদ্যালয় – একটি অনুচ্ছেদে বিদ্যালয়ের নাম, অবস্থান, পরিবেশ, পাঠাগার, সমবেত প্রার্থনা, খেলাধূলা এই বিষয়ে লিখতে হবে।

(খ) বিদ্যালয়ে তোমার প্রথম দিনের অভিজ্ঞতা - একটি অনুচ্ছেদে তুমি কার সাথে কোন্‌ বিদ্যালয়ে প্রথম গিয়েছিলে; তোমার কেমন লেগেছিল এই সম্পর্কে লিখতে হবে।

(গ) ছুটির ঘন্টা - একটি অনুচ্ছেদে ছুটি বলতে আমরা কি বুঝি, ছুটি কত রকমের হয়, ছুটির ঘণ্টার ধারণা ও বিশেষ অনুভূতি সম্পর্কে লিখতে হবে।